# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৩৬৬

১/ বিবিধ

---

আরবী

جهنم تحيط بالدنيا، والجنة من ورائها، فلذلك صار الصراط على جهنم طريقا إلى الجنة

منكر جدا

أخرجه ابن مخلد العطار في " المنتقى من أحاديثه " (2 / 84 / 2) وأبو نعيم في " أخبار أصبهان " (2 / 93) ومن طريقه الديلمي في مسنده (2 / 79) عن محمد بن حمزة بن زياد الطوسي، حدثنا أبي قال: حدثنا قيس بن الربيع عن عبيد المكتب، عن مجاهد عن ابن عمر مرفوعا

ومن طريق العطار أخرجه الخطيب (2 / 291) وعنه الذهبي في ترجمة محمد بن حمزة ابن زياد ثم قال

" هذا منكر جدا، محمد واه، وحمزة تركه أحمد، وقال ابن معين: ليس به بأس قال مهنا: سألت أحمد عن حمزة الطوسي؟ فقال: لا يكتب عن الخبيث، وقال في ترجمة محمد بن حمزة: قال ابن منده: حدث بمناكير: قلت: روى عن أبيه، وأبوه فغير عمدة

والحديث عزاه السيوطي لـ " مسند الفردوس " أيضا، ورواه أبو الحسن أحمد بن محمد بن الصلت في حديثه عن ابن عبد العزيز الهاشمي (1 / 76) عن محمد الطوسي به

تنبيه: زاد المناوي في إعلال الحديث فقال: وفيه محمد مخلد قال الذهبي

قال ابن عدي: حدث بالأباطيل، قلت: وهذا هو الرعيني الحمصي وهو غير العطار صاحب هذا الحديث وهو ثقة مترجم في تاريخ بغداد (3 / 310) فوجب التنبيه

বাংলা

৩৬৬। জাহান্নাম দুনিয়ার দ্বারা পরিবেষ্টিত আর জান্নাত তার (জাহান্নামের) পিছনে। সে কারণে পুলসিরাত জাহান্নামের উপর জান্নাতে যাওয়ার রাস্তা স্বরূপ হয়ে গেছে।

হাদীসটি নিতান্তই মুনকার।

এটি ইবনু মিখলাদ আত্তার "আল-মুনতাকা মিন আহাদীস" গ্রন্থে (২/৮৪/২), আবু নোয়াইম "আখবারু আসবাহান" গ্রন্থে (৩/৯২) এবং তার সূত্র হতে দাইলামী তার "মুসনাদ" গ্রন্থে (২/৭৯) মুহাম্মাদ ইবনু হামযা ইবনে যিয়াদ আত-তূসী হতে, তিনি তার পিতা হামযা হতে ... বর্ণনা করেছেন।

আত্তারের সূত্র হতে আল-খাতীব (২/২৯১) এবং তার থেকে যাহাবী মুহাম্মাদের জীবনী বর্ণনা করতে গিয়ে উল্লেখ করেছেন। অতঃপর যাহাবী বলেছেনঃ হাদীসটি নিতান্তই মুনকার। মুহাম্মাদ দুর্বল আর হামযা ইমাম আহমাদের নিকট মাতরূক। ইবনু মাঈন বলেনঃ তার সাথে কোন সমস্যা নেই। মাহনা বলেছেনঃ আমি ইমাম আহমাদকে হামযা আত-তূসী সম্পর্কে জিজ্ঞাসা করেছিলাম। তিনি বলেনঃ এ খাবীস হতে লিখা যাবে না।

যাহাবী মুহাম্মাদের জীবনীতে বলেন, ইবনু মান্দা বলেছেনঃ তিনি মুনকার হাদীস বর্ণনা করেছেন।

হাদিসের মান: মুনকার (সহীহ হাদীসের বিপরীত) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=67951

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন